গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৭.৭২.০০৭.১৯-১৫০

তারিখঃ ০৯ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রতি : রেঞ্জ কমান্ডার (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
................ রেঞ্জ .....................।

বিষয় : **"হজব্রত পালনের উদ্দেশ্যে সৌদি আরবে প্রেরনের জন্য ব্যাটালিয়ন আনসার সদস্য বাছাই নীতিমালা-২০১৯" প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্যাটালিয়ন আনসার সদস্যদের মধ্য থেকে আযান ও কেরাত এই দুই বিভাগ হতে ০১ জন করে মোট ০২ জন শীর্ষস্থান অর্জনকারী ব্যাটালিয়ন আনসার সদস্যকে পবিত্র "হজব্রত পালনের উদ্দেশ্যে সৌদি-আরব প্রেরনের জন্য ব্যাটালিয়ন আনসার সদস্য বাছাই নীতিমালা-২০১৯" প্রনয়ন করা হয়েছে।

উক্ত নীতিমালা যথাযথ অনুসরণ পূর্বক ব্যাটালিয়ন কমিটি প্রতি ব্যাটালিয়ন হতে ০২ ক্যাটাগরিতে ০২ জন সদস্যকে বাছাই করে নামীয় তালিকা ৩০ সেপ্টেম্বরের মধ্যে আঞ্চলিক কমিটির নিকট প্রেরন করবেন।

একই ধারাবাহিকতায় আঞ্চলিক কমিটিকে ১৫ অক্টোবরের মধ্যে ০২ ক্যাটাগরিতে ০২ জন সদস্য বাছাই করে নামীয় তালিকা সদর দপ্তরের সিএইচটি-অপস্ শাখায় প্রেরন করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারী করা হলো।

সংযুক্তঃ হজ নীতিমালা-২০১৯ -০৫ (পাঁচ) পাতা।

**জাহানারা আক্তার**
পরিচালক (সিএইচটি-অপস্)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৭.৭২.০০৭.১৯-১৫০

তারিখঃ ০৯ আশ্বিন,১৪২৬ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ-

১। মহাপরিচালক মহোদয়ের সচিবালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। -- সদয় অবগতির জন্য।

২। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। -- সদয় অবগতির জন্য।

৩। উপ-মহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। -- সদয় অবগতির জন্য।

৪। কমান্ড্যান্ট
আনসার ও ভিডিপি একাডেমী, সফিপুর, গাজীপুর। -- সদয় অবগতি ও কার্যক্রমের জন্য।

৫। পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সকল)
........আনসার ব্যাটালিয়ন
.........................................................। -- অবগতি ও কার্যক্রমের জন্য।

৬। জেলা কমান্ড্যান্ট (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
...............................। -- অবগতি ও কার্যক্রমের জন্য।

৭। আইসিটি শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। -- ওয়েবসাইটে প্রকাশের জন্য।

৮। অফিস কপি/মাষ্টার কপি।

Jahanara Akter
24-9-19
পরিচালক (সিএইচটি-অপস্)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪৭.৭২.০০৭.১৯-১৪৮

তারিখঃ ০৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

**বিষয় : "হজব্রত পালনের উদ্দেশ্যে সৌদি আরবে প্রেরনের জন্য ব্যাটালিয়ন আনসার সদস্য বাছাই নীতিমালা- ২০১৯"**

১। **ভূমিকাঃ**

ব্যক্তিগত শৃঙ্খলা সুসংহত করার ক্ষেত্রে ধর্মীয় অনুশাসনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে কারনে প্রতিটি শৃঙ্খলা বাহিনীর সদস্যদের দায়িত্ব পালনের শপথ বাক্যেও নিজ নিজ ধর্মের আদর্শবানী অন্তর্ভুক্ত করা হয়ে থাকে। বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীও এর ব্যতিক্রম নয়। ধর্মীয় অনুভূতি সম্পন্ন শৃঙ্খলা বাহিনীর একজন সদস্য শুধু ব্যক্তিগত জীবনাচরনেই নয় কর্মক্ষেত্রেও সফলতার দৃষ্টান্ত স্থাপনে সমর্থ হন। সরকারী দায়িত্ব পালনে নিষ্ঠাবান, উর্ধ্বতনদের প্রতি অনুগত, সততা-সুনামের অধিকারী ও ধর্মীয় অনুশাসন প্রতিপালনে একনিষ্ঠ ব্যাটালিয়ন আনসার সদস্যদের প্রনোদনা প্রদানের অংশ হিসেবে প্রতিবছর দুইজন ব্যাটালিয়ন আনসার সদস্যকে পবিত্র হজব্রত পালনের জন্য সৌদি আরবে প্রেরনের বিষয়ে কর্তৃপক্ষ সদয় সিদ্ধান্ত গ্রহন করেছেন। এ সিদ্ধান্ত বাস্তবায়নে আযান ও কেরাত বিভাগ হতে ০১ জন করে মোট ০২ জন শীর্ষ স্থান অর্জনকারী ব্যাটালিয়ন আনসার সদস্যকে বাছাই করে প্রতিবছর হজব্রত পালনের জন্য **রাজস্ব/"মহাপরিচালক আনসার ও ভিডিপি তহবিল"** এর অর্থ ব্যয়ে সৌদি আরব প্রেরনের দিক-নির্দেশিকা প্রদানের লক্ষ্যে এই নীতিমালা প্রনয়ন করা হলো।

২। **শিরোনামঃ**

এই নীতিমালা "হজব্রত পালনের উদ্দেশ্যে সৌদি আরবে প্রেরনের জন্য ব্যাটালিয়ন আনসার সদস্য বাছাই নীতিমালা-২০১৯" নামে অভিহিত হবে এবং জারীর তারিখ থেকে কার্যকর হবে।

৩। **উদ্দেশ্যঃ**

পেশাগত শৃঙ্খলা বজায় রাখার পাশাপাশি ধর্মীয় অনুশাসন পরিপালনে ব্যাটালিয়ন আনসার সদস্যদের উৎসাহিত করা, সততা, নিষ্ঠা, আনুগত্য ও সুনামের সাথে দায়িত্ব পালনে উদ্বুদ্ধ করা ও হজব্রত পালনের জন্য উপযুক্ত সদস্য বাছাই করনের দিক-নির্দেশনা প্রদানই এই নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য।

৪। **বাছাইয়ের শ্রেণী বিভাগঃ**

সকল পুরুষ আনসার ব্যাটালিয়নের মুসলমান ইউনিফরমধারী সদস্যদের মধ্য হতে কেরাত ও আযান এই দুই ক্যাটাগরিতে ০১ (এক) জন করে মোট ০২ (দুই) জন সদস্যকে বাছাই করা হবে।

৫। **বাছাইয়ের শর্তঃ**

১। শুদ্ধভাবে পবিত্র কোরআন তেলাওয়াতে সক্ষম হতে হবে।
২। আযান দেওয়ায় সুরেলা কন্ঠের অধিকারী হতে হবে।
৩। চাকুরীকাল ন্যুনতম ১০ বছর সন্তোষজনক হতে হবে এবং বয়সসীমা অনুর্ধ্ব ৫৫ এর মধ্যে হতে হবে।
৪। শারিরীকভাবে সক্ষম ও সুস্থ হতে হবে।
৫। সরকারী দায়িত্ব পালনে নিষ্ঠাবান হতে হবে।
৬। সহকর্মীদের প্রতি সহমর্মী ও সদাচারী হতে হবে।
৭। সরকার তথা উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতি অনুগত থাকতে হবে।
৮। ব্যক্তিগত ভাবে সততা ও সুনামের অধিকারী হতে হবে।

৬। **কমিটি গঠনঃ**

হজব্রত পালনের জন্য সকল আনসার ব্যাটালিয়ন হতে সদস্য বাছাইয়ের জন্য বিভিন্ন স্তরে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলঃ

২৬/০৯

৬। **(ক) ব্যাটালিয়ন কমিটিঃ (প্রত্যেক পুরুষ ব্যাটালিয়নের জন্য)**

| | | | |
|---|---|---|---|
| ১। | পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (সংশ্লিষ্ট ব্যাটালিয়ন) | -- | সভাপতি |
| ২। | ব্যাটালিয়ন উপ-অধিনায়ক (ব্যাটালিয়ন উপ-অধিনায়ক কর্মরত না থাকলে জ্যেষ্ঠ কোম্পানী কমান্ডার ) | -- | সদস্য সচিব |
| ৩। | ব্যাটালিয়ন সদরের ইমাম (যদি তিনি প্রতিযোগী না হন) | -- | সদস্য |
| ৪। | স্থানীয় ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

৬। **(খ).১ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, ঢাকা-১**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, ঢাকা | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, ঢাকা | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

১। কলাকোপা, নবাবগঞ্জ।
২। মাদারীপুর।
৩। বেদগ্রাম, গোপালগঞ্জ।
৪। কালিহাতি, টাঙ্গাইল।
৫। মানিকগঞ্জ।
৬। আনসার ও ভিডিপি একাডেমী, সফিপুর, গাজীপুর (পুরুষ ব্যাটালিয়ন)।

৬ **(খ).২ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, চট্টগ্রাম-২**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, চট্রগাম | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, চট্টগ্রাম | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

১। রুমা, বান্দরবান।
২। চাম্পাতলী, লামা, বান্দরবান।
৩। সুয়ালক, বান্দরবান।
৪। ফয়'সলেক, চট্টগ্রাম।
৫। গুইমারা, খাগড়াছড়ি।
৬। লংগদু, রাঙ্গামাটি।
৭। হাজাছড়া, শুভলং, রাঙ্গামাটি।
৮। ম্যারিশ্যা, রাঙ্গামাটি।
৯। ছোটমেরুং, দিঘীনালা, খাগড়াছড়ি।
১০। জামতলী, দিঘীনালা, খাগড়াছড়ি।
১১। শিলছড়ি, কাপ্তাই, রাঙ্গামাটি।
১২। ঘাগড়া,রাঙ্গামাটি।
১৩। তিনটহরী, মানিকছড়ি, খাগড়াছড়ি।
১৪। গচ্ছাবিল, মানিকছড়ি, খাগড়াছড়ি।
১৫। পটিয়া, চট্টগ্রাম।
১৬। জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।
১৭। বড়ইছড়ি, কাপ্তাই, রাঙ্গামাটি।
১৮। কুমিল্লাটিলা, খাগড়াছড়ি।
১৯। কক্সবাজার।

২৩/০৭

৬ **(খ).৩ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, খুলনা-৩**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, খুলনা | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, খুলনা | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

১। ইলাইপুর, রুপসা, খুলনা।
২। নাভারন, শার্শা, যশোর।
৩। ডিংগেদহ, চুয়াডাঙ্গা।
৪। পুরাতন, জমিদারবাড়ি, সাতক্ষীরা।

৬ **(খ).৪ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, রাজশাহী -৪**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, রাজশাহী | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, রাজশাহী | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

নওহাটা, পবা, রাজশাহী।

৬ **(খ).৫ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, কুমিল্লা -৫**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, কুমিল্লা | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, কুমিল্লা | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

১। রামগঞ্জ, লক্ষীপুর।
২। সুহিলপুর, বি-বাড়িয়া।

৬ **(খ).৬ রেঞ্জ/আঞ্চলিক কমিটি,বরিশাল-৬**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, বরিশাল | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, বরিশাল | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

পটুয়াখালী।

৬ **(খ).৭ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, সিলেট-৭**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, সিলেট | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, সিলেট | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৬ **(খ).৮ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, রংপুর-৮**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, রংপুর | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, রংপুর | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

১। হিলি, হাকিমপুর, দিনাজপুর।
২। ঠাকুরগাঁও।
৩। লালমনিরহাট।

৬ **(খ). ৯ রেঞ্জ/আঞ্চলিক কমিটি, ময়মনসিংহ-৯**

| | | | |
|---|---|---|---|
| ১। | রেঞ্জ কমান্ডার, ময়মনসিংহ | -- | সভাপতি |
| ২। | জেলা কমান্ড্যান্ট, ময়মনসিংহ | -- | সদস্য সচিব |
| ৩। | ধর্মীয় শিক্ষক/কেরাত ও আযান প্রতিযোগিতায় বিচার কার্যসম্পাদন করতে পারবেন এমন অভিজ্ঞতা সম্পন্ন একজন বহিরাগত ব্যক্তি | -- | সদস্য |

**সদস্য বাছাইয়ের জন্য নির্ধারিত ব্যাটালিয়নঃ** যে সকল ব্যাটালিয়নের সদর দপ্তর নিম্নোক্ত লোকেশনে অবস্থিত

১। জারিয়া, পূর্বধলা, নেত্রকোনা।
২। নালিতাবাড়ী, শেরপুর।

৭। **চূড়ান্ত মনোনয়ন কমিটিঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক | -- | সভাপতি |
| ২। | উপ-মহাপরিচালক (প্রশাসন) | -- | সদস্য |
| ৩। | উপ-মহাপরিচালক (অপারেশন্স) | -- | সদস্য |
| ৪। | উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ) | -- | সদস্য |
| ৫। | পরিচালক (সিএইচটি-অপস্) | -- | সদস্য সচিব |
| ৬। | জাতীয় পর্যায়ে প্রতিথযশা একজন ক্বারী | -- | সদস্য |

৮। **বিশেষ নির্দেশনাঃ**

ক) ব্যাটালিয়ন, রেঞ্জ বা চুড়ান্ত মনোনয়ন কমিটির সভাপতি বা সদস্য-সচিব পদাধিকার বলে অন্য ধর্মাবলম্বী হলে প্রত্যেক ক্ষেত্রে পরবর্তী উর্ধতন কর্তৃপক্ষ কমিটি পূনর্গঠন করবেন।

খ) প্রতি পঞ্জিকা বছর ব্যাটালিয়ন কমিটি প্রতি ব্যাটালিয়ন হতে ০২ ক্যাটাগরিতে ০২ জন সদস্যকে বাছাই করে নামীয় তালিকা ৩০ সেপ্টেম্বরের মধ্যে রেঞ্জ/আঞ্চলিক কমিটির নিকট প্রেরন করবেন।

গ) চট্টগ্রাম রেঞ্জের জন্য গঠিত আঞ্চলিক কমিটি ০২ ক্যাটাগরিতে ০৩ জন করে মোট ০৬ জন সদস্য এবং অন্যান্য রেঞ্জের জন্য গঠিত আঞ্চলিক কমিটি প্রত্যেক ক্যাটাগরিতে ০১ জন করে ৮টি রেঞ্জ হতে ৮+৮= ১৬ জন সদস্য বাছাই করে ১৫ অক্টোবরের মধ্যে নামীয় তালিকা সদর দপ্তরের সিএইচটি-অপস্ শাখায় প্রেরন করবেন।

ঘ) আঞ্চলিক/রেঞ্জ কমিটি কর্তৃক বাছাইকৃত ব্যাটালিয়ন আনসার সদস্যদের মধ্য থেকে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গঠিত চুড়ান্ত মনোনয়ন কমিটি ৩০ অক্টোবরের মধ্যে চুড়ান্তভাবে ০২ (দুই) ক্যাটাগরিতে ০২ (দুই) জন সদস্যকে নির্বাচন করবেন।

৯। **অপেক্ষমান তালিকাঃ** চুড়ান্ত মনোনয়ন কমিটি কেরাত ও আযান এই দুই শ্রেনীর বিপরীতে ০২ (দুই) জন করে মোট ০৪ (চার) জন সদস্যের একটি অপেক্ষমান তালিকা প্রণয়ন করবেন। চুড়ান্ত ভাবে নির্বাচিত কোন সদস্য যে কোন কারনে ঐ বছর হজব্রত পালনে অসমর্থ হলে অপেক্ষমান তালিকার ক্রম অনুসরণ করে পরবর্তী সদস্যকে নির্বাচন করবেন।

২৩/০৯

১০। **মহাপরিচালক মহোদয়ের অনুমোদনঃ** চূড়ান্ত মনোনয়ন কমিটি কর্তৃক বাছাইকৃত সদস্যদের নামীয় তালিকা পরবর্তী ০৭ কর্মদিবসের মধ্যে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহন করতে হবে।

১১। **প্রশাসনিক কার্যক্রমঃ** পরিচালক, সিএইচটি-অপস্ এই নীতিমালা বাস্তবায়নে দায়িত্ব পালন করবেন। এছাড়া বাছাইকৃত সদস্যদের পাসপোর্ট তৈরী, প্রাথমিক নিবন্ধন, চূড়ান্ত নিবন্ধন, ভিসা সংগ্রহ, প্রয়োজনে ধর্ম মন্ত্রণালয়, হজ্জ অফিস অথবা হজ্জ এজেন্সীর সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করবেন।

১২। **আর্থিক সংশ্লেষঃ** চূড়ান্তভাবে বাছাইকৃত সদস্যদের সৌদি আরবে প্রেরন ও হজব্রত পালনের জন্য ব্যয়ভার **রাজস্ব তহবিল/"মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল"** হতে সংকুলান করা হবে। মনোনিত সদস্যের ব্যক্তিগত খরচ নিজে বহন করবেন। ০৩ (তিন) স্তরে গঠিত কমিটির ব্যয় নিম্নবর্ণিত নির্দেশনা মোতাবেক সম্পন্ন হবে।

**(ক) ব্যাটালিয়ন কমিটিঃ** ব্যাটালিয়ন আনসার সদস্যদের হজব্রত পালনের উদ্দেশ্যে গঠিত কমিটির আউট সোর্সিং সদস্যসহ কমিটির অন্যান্য আর্থিক ব্যয় ব্যাটালিয়নের স্থানীয় তহবিল হতে সংকুলান করা হবে।

**(খ) রেঞ্জ/আঞ্চলিক কমিটিঃ** রেঞ্জ কমিটির ক্ষেত্রে আর্থিক ব্যয় রেঞ্জের স্থানীয় তহবিল হতে সংকুলান করা হবে।

**(গ) চূড়ান্ত মনোনয়ন কমিটিঃ** চূড়ান্ত মনোনয়ন কমিটির ক্ষেত্রে আর্থিক ব্যয় **"মহাপরিচালক, আনসার ও ভিডিপি তহবিল"** হতে সংকুলান করা হবে।

১৩। **মনোনয়ন বাতিলঃ** চূড়ান্তভাবে বাছাইকৃত কোন সদস্যের বিরুদ্ধে নৈতিক স্খলন/শৃঙ্খলা জনিত কারনে মামলা চলমান থাকলে বা মামলা বিচারাধীন থাকলে/আমলযোগ্য অভিযোগ থাকলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে তার মনোনয়ন বাতিল হবে। তদস্থলে চূড়ান্ত মনোনয়ন কমিটি অপেক্ষমান তালিকা হতে পরবর্তী সদস্যকে মনোনয়ের কার্যক্রম গ্রহন করবেন।

১৪। **সংশোধন ও পরিমার্জনঃ** এ নীতিমালা প্রয়োজনে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে সংযোজন/ বিয়োজন/পরিবর্তন বা বাতিল করা যাবে।

১৫। **উপসংহারঃ** পবিত্র হজব্রত পালন ধর্মপ্রান প্রত্যেক মুসলমানের জন্য পরমকাঙ্খিত বিষয়। আনুগত্য, নিষ্ঠা, সততা, সুনামের সাথে দায়িত্ব পালনের পাশাপাশি পেশাগত শৃঙ্খলার মান সমুন্নত রেখে দায়িত্ব পালনের ফলশ্রুতিতে সরকারী ব্যয়ে ব্যাটালিয়ন আনসার সদস্যের হজব্রত পালনের সুযোগ লাভ করা পেশাজীবনে একটি অনন্য প্রনোদনা ও অর্জন হিসাবে বিবেচিত হতে পারে। এই মহান উদ্যোগে সংশ্লিষ্ট সকলের পেশাদারিত্বপূর্ণ বস্তুনিষ্ঠ কার্যক্রম প্রত্যাশিত।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

২৩/০৯/২০২২

মাহবুব উল ইসলাম
উপ-মহাপরিচালক (অপারেশনস্)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।